শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮৩.১৯-৪৭৭

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ ব. / ১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৭১৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৭১৪/০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৭১৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৭৭১৪/২০১৯ | জনাব মো: জিয়াউর রহমান, প্রদর্শক (সেক্রেটারিয়ের সায়েন্স), মাদারহাট টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ, উপজেলা-পীরগঞ্জ, জেলা-রংপুর। | সচিব, টিএমইডি, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন। | রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন মাদারহাট টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ -এর প্রদর্শক (সেক্রেটারিয়ের সায়েন্স) জনাব মো: জিয়াউর রহমান-কে এমপিও তালিকাভুক্ত করার কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় পিটিশনার (জনাব মো: জিয়াউর রহমান) কর্তৃক সংক্ষুব্ধ হয়ে তার নাম বর্ণিত প্রতিষ্ঠানে এমপিও তালিকাভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৭১৪/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২৯/০৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার-কে এমপিও তালিকাভুক্ত করার কার্যকর ব্যবস্থা গ্রহণ না করা কেন বে-আইনী ঘোষণা করা হবেনা; এবং পিটিশনার-কে বর্ণিত প্রতিষ্ঠানে এমপিওভুক্ত করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৬/০৮/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনার আলোকে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। উল্লেখ্য যে, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী এমপিওভুক্ত করার বিষয়টি ডিটিই সংশ্লিষ্ট। তাছাড়া আলোচ্য মামলায় ডিজি, ডিটিই-কে ও রেসপনডেন্ট করা হয়েছে। এ মামলা সংক্রান্ত বিষয়ে ডিটিই হতে সরকার পক্ষে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৭১৪/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৬/১০/২০১৯ খ্রি: এর মধ্যে হালনাগাদ তথ্য টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx